

কোভিড-১৯ মহামারিতে বিভিন্ন পর্যায়ে কর্মরত কর্মীদের ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম
(পিপিই) ব্যবহার বিষয়ক নির্দেশনা

প্রিয় সহকর্মীবৃন্দ

আশা করি সবাই ভাল ও নিরাপদে আছেন।

আপনাদের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, আমরা লক্ষ্য করেছি মাঠ পর্যায়ে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) ব্যবহার নিয়ে কিছু ভুল ধারণা রয়েছে। তাই পিপিই ব্যবহার সম্পর্কে নিম্নবর্ণিত নির্দেশনা মেনে চলার জন্যে অনুরোধ করা যাচ্ছে-

- বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, পেশাদার স্বাস্থ্যকর্মী (ডাক্তার, নার্স, ইত্যাদি) যারা সরাসরি রোগীদের চিকিৎসা সরবরাহ ও তাদের সেবা পরিচালনা এবং রোগীদের কাছ থেকে নমুনা সংগ্রহ ও ল্যাব পরীক্ষার সাথে জড়িত, তাদেরই কেবল পিপিই এর পুরো সেট (সুট, এপ্রন, টুপি, চশমা ইত্যাদি) পরিধান করা উচিত।
- উপরে উল্লেখিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কোন কর্মীদের পিপিই-এর পুরো সেটটি পরিধান করার প্রয়োজন নেই।
- মাঠ পর্যায়ের যে সকল কর্মী জরুরী খাদ্য ও স্বাস্থ্য উপকরণ সরবরাহ, ওয়াশ কার্যক্রম, স্বাস্থ্য সচেতনতা কার্যক্রম, হাসপাতাল পরিচালনা ইত্যাদি কাজে জড়িত আছেন, তাদের শুধুমাত্র মাস্ক ও হ্যান্ড গ্লাভস ব্যবহার এবং হেল্মিসল / হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করার জন্যে বলা হচ্ছে। **অন্য কোন পিপিই ব্যবহার করার কোন প্রয়োজন নেই।**
- কর্মরত অবস্থায় সহকর্মীদের পাশাপাশি সুবিধাভোগীদের নিজের মধ্যে এবং কর্মী ও সুবিধাভোগীদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করুন। সুস্থ মানুষের সাথে কথা বলার সময়/খাবার বিতরণের সময়/ অন্যান্য কাজে কমপক্ষে ৩ ফুট এবং অসুস্থ কিংবা জ্বর-কাশি আছে এমন কারও সাথে কথা বলার সময়/খাবার বিতরণের সময়/ অন্যান্য কাজে কমপক্ষে ৬ ফুট দূরত্ব বজায় রাখুন। কারো সাথে কোলাকুলি বা করমর্দন করা থেকে বিরত থাকুন। কোভিড-১৯ প্রতিরোধের জন্যে এটি অত্যন্ত প্রয়োজনীয়।

সচেতনতার সাথে সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় করোনাভাইরাসের বিরুদ্ধে এই যুদ্ধে আমাদের জয় সুনিশ্চিত হবে।